**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১৫ ফেব্রুয়ারি ২০১৬, ৩ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতি সুন্দরবন, কুয়াকাটা ও পায়রা বন্দর পরিদর্শন করবেন আজ

২। মাল্টিমিডিয়া ক্লাসরুম তৈরিতে বিত্তবানদেরও এগিয়ে আসার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। কোস্ট গার্ডের উন্নয়নে সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনা রয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট হবে
প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে : স্বাস্থ্যমন্ত্রী

৫। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র জঙ্গি দমনে একযোগে কাজ করবে

৬। প্রাণিসম্পদ খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে
বিনিয়োগ প্রয়োজন : পরিকল্পনামন্ত্রী

৭। সৌদি-বাংলাদেশ দ্বিপাক্ষিক হজ চুক্তি স্বাক্ষর

৮। নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : স্পিকার

৯। নারীর প্রতি ভালবাসা জানাতে সমঅধিকার নিশ্চিত করতে হবে : তথ্যমন্ত্রী

১০। মুঠোফোনের জন্য দুই কিশোরকে নির্যাতন
: সেনা ও র‌্যাব সদস্যসহ ১৩ জনের বিরুদ্ধে মামলা

১১। এটিএম-এর অর্থ জালিয়াতি : তিন নির্দেশনা কেন্দ্রীয় ব্যাংকের

১২। সড়ক দুর্ঘটনায় ময়মনসিংহে ট্রাক-সিএনজি সংঘর্ষে নিহত ৬

চলমান পাতা-২

**১। রাষ্ট্রপতি সুন্দরবন, কুয়াকাটা ও পায়রা বন্দর পরিদর্শন করবেন আজ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ আজ ১৫ ফেব্রুয়ারি সোমবার থেকে ২ দিনের সফরে সুন্দরবন, পায়রা বন্দর ও কুয়াকাটা যাচ্ছেন। তিনি আজ সোমবার সকালে হেলিকপ্টারযোগে সুন্দরবনের হিরণ পয়েন্টে পৌঁছে বনের বিভিন্ন স্থান পরিদর্শন করবেন। রাষ্ট্রপতি সুন্দরবন পরিদর্শন শেষে বিকালে হেলিকপ্টারযোগে পটুয়াখালীর নির্মাণাধীন পায়রা বন্দরে যাবেন। বন্দর পরিদর্শনের পর সাগরকন্যা কুয়াকাটায় পৌঁছবেন এবং পর্যটন এলাকাগুলো পরিদর্শন করবেন। রাতে কুয়াকাটায় পর্যটন হলিডে কমপ্লেক্সে রাতযাপন শেষে ১৬ ফেব্রুয়ারি মঙ্গলবার বিকালে রাষ্ট্রপতি বঙ্গভবনে ফিরে যাবেন।

সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষপৃ,ক.৬)।

**২। মাল্টিমিডিয়া ক্লাসরুম তৈরিতে বিত্তবানদেরও এগিয়ে আসার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্কুলের শিক্ষার্থীদের মেধা বিকাশে মাল্টিমিডিয়া ক্লাসরুম তৈরিতে সরকারের পাশাপাশি সমাজের বিত্তবান ও প্রাক্তন ছাত্রদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ‘যারা বিত্তবান বা সমাজে একটু প্রতিষ্ঠিত তারা নিজ নিজ স্কুলে অন্তত, যে স্কুলে আপনারা লেখাপড়া করেছেন সেখানে একটা মাল্টিমিডিয়া ক্লাসরুম বা রুমের সামগ্রী উপহার দেবেন’। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ১৪ ফেব্রুয়ারি রোববার তার তেজগাঁওস্থ কার্যালয়ে ‘প্রাথমিক শিক্ষা কন্টেন্ট ইন্টার অ্যাকটিভ মাল্টিমিডিয়া ডিজিটাল ভার্সনে রূপান্তর’ শীর্ষক প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ডিজিটাল কন্টেন্ট’র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **প্রথম আলো** (পৃ.২ ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫) **নিউজ টুডে, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। কোস্ট গার্ডের উন্নয়নে সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনা রয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, কোস্ট গার্ডের উন্নয়নে সরকারের স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা রয়েছে। গতকাল ১৪ ফেব্রুয়ারি রোববার ২১তম কোস্টগার্ড দিবস উপলক্ষে কোস্ট গার্ড সদর দফতরে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে সাহসী ও ঝুঁকিপূর্ণ দায়িত্ব পালনের স্বীকৃতিস্বরূপ ৮ জনকে বাংলাদেশ কোস্ট গার্ড পদক, ১০ জনকে প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক, ৭ জনকে বাংলাদেশ কোস্ট গার্ড সেবা পদক ও ৬ জনকে প্রেসিডেন্ট সেবা পদক প্রদান করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষপৃ,ক.৫) **নিউজ টুডে** (শেষপৃ,ক.৫) **বাংলাদেশ টুডে** (পৃ.১ ক.৬)।

**৪। বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট হবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে : স্বাস্থ্যমন্ত্রী**

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিট রূপান্তর হচ্ছে ইনস্টিটিউটে। এর নাম হবে শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট। বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের নামে কিছু করতে গেলে বঙ্গবন্ধু ট্রাস্টের অনুমতি নিতে হয়। এ কারণে নতুন এই ইনস্টিটিউটের নাম প্রধানমন্ত্রীর নামে

প্রতিষ্ঠা করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে একটি আনুষ্ঠানিক পত্র বঙ্গবন্ধু ট্রাস্ট বরাবর অনুমোদনের জন্য শীঘ্রই প্রেরণ করা হবে। ট্রাস্টের অনুমোদনের পর এর নামকরণ চূড়ান্ত হবে। গতকাল ১৪ ফেব্রুয়ারি রোববার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য ও পরিবরার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৫),

**বাংলাদেশ টুডে** (শেষ পৃ.ক.১)।

**৫। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র জঙ্গি দমনে একযোগে কাজ করবে**

বাংলাদেশ বংশোদ্ভুত ব্রিটিশ তরুণ-তরুণীদের মধ্যপ্রাচ্যের জঙ্গি সংগঠন ইসলামিক স্টেটে যোগদান ঠেকাতে বাংলাদেশের সহযোগিতা চেয়েছে যুক্তরাজ্য। গতকাল ১৪ ফেব্রুয়ারি রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী ও পররাষ্ট্র সচিব এম শহীদুল হকের সঙ্গে ঢাকায় ব্রিটেনের সফররত অভিবাসন বিষয়কমন্ত্রী জেমস ব্রোকেনশায়ার পৃথক বৈঠকে মিলিত হন। বৈঠকে সন্ত্রাস ও জঙ্গি গোষ্ঠীকে প্রতিরোধ, ব্রিটেনে বাংলাদেশী অভিবাসী, অপরাধ দমন ইত্যাদি নিয়ে আলোচনা হয়।সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬) **অবজারভার** (শেষ পৃ,ক.৬),**ডেইলি সান** ( পৃ.১ ক.১)।



**৬। প্রাণিসম্পদ খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে**

**বিনিয়োগ প্রয়োজন : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্যের অন্যতম গুরুত্বপূর্ণ দিক পুষ্টির যোগান যা আসে পশুপালন খাত থেকে। দেশের মানুষের পুষ্টি যোগানের স্বার্থে খাতটিকে করের আওতামুক্ত করা উচিত। গতকাল ১৪ ফেব্রুয়ারি রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দৈনিক বণিক বার্তার আয়োজনে 'বাংলাদেশে দারিদ্র্য বিমোচন ও প্রাণিসম্পদের উন্নয়ন' শীর্ষক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৬)।

**৭। সৌদি-বাংলাদেশ দ্বিপাক্ষিক হজ চুক্তি স্বাক্ষর**

সৌদি-বাংলাদেশ দ্বিপাক্ষিক হজ চুক্তি (১৪৩৭ হিজরি) গতকাল ১৪ ফেব্রুয়ারি রোববার জেদ্দায় আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী চলতি বছর বাংলাদেশ থেকে কোটা অনুযায়ী ১ লাখ ১ হাজার ৭শ' ৫২ জন হজযাত্রী হজব্রত পালনের লক্ষ্যে সৌদি আরবে যেতে পারবেন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৫ হাজার বাকি সব বেসরকারি ব্যবস্থাপনায় হজে যাবেন। সৌদি সরকার এ বছর থেকে প্রত্যেক হজ এজেন্সি'র সর্বনিম্ন কোটা ৫০ জনের পরিবর্তে ১৫০ জন সর্বনিম্ন কোটা বাধ্যতামূলক করেছে। জেদ্দায় সৌদি হজ মন্ত্রীর কার্যালয়ে দ্বিপাক্ষিক হজ চুক্তিতে সৌদির পক্ষে স্বাক্ষর করেন হজমন্ত্রী ড. বন্দর বিন মোহাম্মদ বিন হামজা হাজ্জার আর বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান।সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ**

(পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

৮। **নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর বলেছেন, নারীর ক্ষমতায়নের দিক

থেকে বাংলাদেশ একটি রোল মডেল। বর্তমানে বাংলাদেশের প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের স্পিকার ও বিরোধী দলীয় নেতা নারী নির্বাচিত হওয়া এটি সমসাময়িক বিশ্বে একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। বাংলাদেশে সফররত আফগানিস্তানের মহিলা বিষয়ক সংসদীয় কমিটির চেয়ারপারসন ফৌজিয়া কুফির নেতৃত্বে ৬ সদস্যের একটি সংসদীয় প্রতিনিধিদল গতকাল ১৪ ফেব্রুয়ারি রোববার সংসদ ভবনে স্পিকারের কার্যালয়ে সাক্ষাৎ করে। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **সংবাদ** (পৃ.১৫,ক.৭)।

৯। **নারীর প্রতি ভালবাসা জানাতে সমঅধিকার নিশ্চিত করতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ভালোবাসা দিবসে আমি সকলের প্রতি ভালোবাসা ও সম্মান জানাই। তবে আজকে বিশেষভাবে নারীদের প্রতি সম্মান ও ভালোবাসা জানাতে চাই। নারীর প্রতি সম্মান ও ভালোবাসা জানাতে হলে নারীর সমঅধিকার ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে। গতকাল

১৪ ফেব্রুয়ারি রোববার ধানমন্ডি ৩২ নম্বর আওয়ামী যুবলীগ আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১),

১০। **মুঠোফোনের জন্য দুই কিশোরকে নির্যাতন**

**: সেনা ও র‍্যাব সদস্যসহ ১৩ জনের বিরুদ্ধে মামলা**

রাজশাহীর পবা উপজেলায় মুঠোফোন চুরির অভিযোগ দুই কিশোরকে হাত-পা বেঁধে নির্যাতন করা হয়েছে। ধারণ করা হয়েছে নির্যাতনের ভিডিও চিত্র। এ ঘটনায় এক সেনা ও এক র‍্যাব সদস্যসহ ১৩ জনকে আসামি করে মামলা হয়েছে। পুলিশ এক আসামিকে আটক করেছে। সূত্র- **প্রথম আলো** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১ ক.৫) **ইত্তেফাক, সংবাদ, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে ।

১১। **এটিএম-এর অর্থ জালিয়াতি : তিন নির্দেশনা কেন্দ্রীয় ব্যাংকের**

এটিএমের মাধ্যমে অর্থ জালিয়াতির ঘটনায় ব্যাংকগুলোকে তিন নির্দেশনা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। ব্যাংকগুলোতে তাদের এটিএম বুথে এন্টি স্কিমিং যন্ত্র স্থাপন, নিয়মিত ভিডিও ফুটেজ পর্যবেক্ষণ এবং এটিএম বুথে যাতে কোনো ব্যক্তি নতুন যন্ত্র স্থাপন না করতে পারে সেদিকে নজর রাখতে নির্দেশ দেওয়া হয়েছে। এদিকে সারাদিন বন্ধ থাকার পর আন্তঃব্যাংক এটিএম লেনদেন খুলে দিয়েছে ব্যাংকগুলো।

গতকাল ১৪ ফেব্রুয়ারি রোববার কেন্দ্রীয় ব্যাংক থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ,৩,ক.১), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১ ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ,১,ক.৬), **প্রথম আলো, ইনকিলাব, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১২। সড়ক দুর্ঘটনায় ময়মনসিংহে ট্রাক-সিএনজি সংঘর্ষে নিহত ৬**

ময়মনসিংহের তারাকান্দায় ট্রাক-সিএনজি মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই ৬ জন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। এছাড়া ব্রাহ্মণবাড়িয়া ও বাগেরহাটের শরণখোলায় পৃথক সড়ক দুর্ঘটনায় আরও ২ জন প্রাণ হারিয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** আজ থেকে ১০০ বছর আগে পদার্থ বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইনের আপেক্ষিকতাবাদ তত্ত্বে যে মহাকর্ষ তরঙ্গের অস্তিত্বের বৈজ্ঞানিক অনুমান প্রকাশ করেছিলেন প্রায় এক হাজার বিজ্ঞানীর একটি দল দীর্ঘ গবেষণা ও পর্যবেক্ষণ শেষে তা প্রত্যক্ষভাবে সত্য প্রমাণ করলেন তাদের মধ্যে একজন বাংলাদেশের দীপঙ্কর তালুকদার উল্লেখ করে এই অসাধারণ কৃতিত্বের জন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন।

খ. **ইত্তেফাক :** সড়কের নিরাপত্তা নিশ্চিত করতে দায়িত্ব পালনরত হাইওয়ে পুলিশের সার্বিক উন্নয়নে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** সরকারি হাসপাতালের সেবার মান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ, ভোরের কাগজ,ডেইলি স্টার, নিউজ টুডে :** সুন্দরবনের ভেতর দিয়ে জাহাজ চলাচল, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ এসব নানা কারণে সুন্দরবনের অস্তিত্ব হুমকির সম্মুখীন হওয়ায় উদ্বেগ প্রকাশ করে যে কোনো মূল্যে সুন্দরবনকে রক্ষা করার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** ইস্টার্ন ব্যাংক লিমিটেডের এটিএম বুথ থেকে জালিয়াতির মাধ্যমে গ্রাহকের টাকা তুলে নেওয়ার ঘটনা উল্লেখ করে এধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে তদন্তের মাধ্যমে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি স্টার :** প্রতিবন্ধী লোক যোগ্যতাসম্পন্ন হলে সে সংসদ সদস্য হতে পারবে বলে জাতীয় সংসদের ডেপুটি স্পিকার যে অভিমত প্রকাশ করেছেন তাতে একাত্মতা প্রকাশ করে প্রতিবন্ধীদের রাজনীতি ও সিদ্ধান্ত গ্রহণের কাজে অন্তর্ভুক্ত করার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :**বাল্য বিবাহ প্রতিরোধে ব্যাপক গণসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান :** কোচিংয়ের দ্বারা শিক্ষার্থীরা পরীক্ষায় ভাল ফলাফল করলেও এতে শিক্ষার আসল উদ্দেশ্য

জ্ঞান অর্জন ব্যাহত হচ্ছে বলে অভিমত।

ঝ. **অবজারভার :** রাজশাহীর পবা উপজেলায় মোবাইল চুরির অভিযোগে দুই কিশোরকে স্থানীয় প্রভাবশালীর নির্যাতন করার বিষয় তুলে ধরে দায়ীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার সুপারিশ।

ঞ. **নিউ নেশন :** ৯০ কোটি টাকা ব্যয়ে পচা গম আমদানির ঘটনায় জড়িতদের শাস্তি প্রদান ও ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিত করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে নাগরিকের স্বাধীনতা নির্ভর করে সত্য ও নির্ভুল সংবাদ সরবরাহের ওপর গুরুত্বারোপ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'এসো দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ি'** শিরোনামের নিবন্ধে ড.কুদরাত-ই-খুদা বাবু দুর্নীতি প্রতিরোধে সরকারসহ আমাদের সকলের সম্মিলিত অংশগ্রহণ ও তার যথাযথ বাস্তবায়ন হলে এ দেশকে একদিন দুর্নীতিমুক্ত দেশ হিসেবে গড়ে তোলা সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা